

আন-নাজম | An-Najm | النِّجْم

আয়াতঃ ৫৩ : ৩৪

আরবি মূল আয়াত:

وَأَعْطَى قَلِيلًا وَأَكْدَى ﴿٣٤﴾

অনুবাদসমূহ:

আর সামান্য দান করে, তারপর বন্ধ করে দেয়? — আল-বায়ান

এবং সামান্য দান করে অতঃপর (হৃদয়) শক্ত করে ফেলে? — তাইসিরুল

এবং দান করে সামান্যই, পরে বন্ধ করে দেয়? — মুজিবুর রহমান

And gave a little and [then] refrained? — Sahih International

৩৪. এবং দান করে সামান্যই, পরে বন্ধ করে দেয়?(১)

(১) أَكْدَى শব্দটি كَدِيَّة থেকে উদ্ভূত। এর অর্থ সেই প্রস্তরখণ্ড, যা কূপ অথবা ভিত্তি খনন করার সময় মৃত্তিকা গর্ভ থেকে বের হয় এবং খননকার্যে বাধা সৃষ্টি করে। তাই এখানে أَكْدَى এর অর্থ এই যে, প্রথমে কিছু দিল, এরপর হাত গুটিয়ে নিল। [ফাতহুল কাদীর] আয়াতের অর্থ এই হবে, যে ব্যক্তি আল্লাহর পথে কিছু ব্যয় করে অতঃপর তা পরিত্যাগ করে অথবা শুরুতে আল্লাহর আনুগত্যের দিকে কিছুটা আকৃষ্ট হয়, অতঃপর আনুগত্য বর্জন করে বসে। [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

(৩৪) এবং দান করে সামান্যই, পরে বন্ধ করে দেয়? [1]

[1] অর্থাৎ, অল্প দিয়ে হাত টেনে নিল অথবা অল্প কিছু আনুগত্য করে পিছে সরে পড়ল। أَكْدَى এর মূল অর্থ হল, মাটি খুঁড়তে খুঁড়তে শক্ত কোন পাথর এসে পড়লে আর খোঁড়া সম্ভব না হওয়া, পরিশেষে খোঁড়ার কাজ ছেড়ে দিলে বলা হয়, أَكْدَى এখান থেকেই তার ব্যবহার এমন ব্যক্তির ব্যাপারে হতে লাগল, যে কাউকে কিছু দেয়, কিন্তু পূর্ণরূপে দেয় না। অনুরূপ কোন কাজ আরম্ভ করে, কিন্তু তা সমাপ্ত করে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4818>